গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-১৬৪ তারিখঃ ১৮/০৫/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ** **বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলার মধ্যে ০৫টি জেলায় মৎস্যজীবি ও ক্ষুদ্রকৃষক পরিবারে বিশেষ অনুদান খাত হতে নগদ অর্থ বরাদ্দ।**

**সুত্রঃ** **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১৩.১৫-১৯০, তারিখঃ ১৬/০৫/২০১৭ খ্রিঃ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রাকৃতিক দুর্যোগ পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলার মধ্যে ০৫টি জেলার মোট ৫০,০০০টি ক্ষতিগ্রস্ত মৎসজীবি ও ক্ষুদ্রকৃষক পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে প্রতি পরিবার মাসিক ৫০০/-(পাঁচশত) টাকা হারে ০৩ (তিন) মাসের জন্য (মে,জুন, জুলাই'২০১৭) মোট (৫০,০০০ পরিবার X ৫০০ টাকা X ৩ মাস) সর্বমোট ৭,৫০,০০,০০০/- (সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নিম্নবর্ণিতভাবে জেলা ভিত্তিক সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হলোঃ

| ক্রঃনং | জেলার নাম | ক্ষতিগ্রস্ত মৎস্যজীবি পরিবারসহ ও ক্ষুদ্র কৃষক পরিবার সংখ্যা | ৫০০/- (পাঁচশত) টাকা হারে (মে,জুন, জুলাই/২০১৭) ০৩ মাসের জন্য বরাদ্দকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১. | সিলেট | ৫,০০০ | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) টাকা |
| ০২. | সুনামগঞ্জ | ১৮,০০০ | ২,৭০,০০,০০০/- (দুই কোটি সত্তর লক্ষ) টাকা |
| ০৩. | মৌলভীবাজার | ৪,০০০ | ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা |
| ০৪. | কিশোরগঞ্জ | ১৫,০০০ | ২,২৫,০০,০০০/- (দুই কোটি পঁচিশ লক্ষ) টাকা |
| ০৫. | নেত্রকোনা | ৮,০০০ | ১,২০,০০,০০০/- (এক কোটি বিশ লক্ষ) টাকা |
| | **সর্বমোট** | ৫০,০০০ | **৭,৫০,০০,০০০/- (সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা** |

২। জেলা প্রশাসকগণ বরাদ্দকৃত অর্থ বিতরণে সার্বিক তদারকীসহ ক্ষতিগ্রস্ত মৎসজীবি ও ক্ষুদ্রকৃষক পরিবারের ক্ষয়ক্ষতির নিরিখে সঠিকভাবে অগ্রাধিকার তালিকা প্রস্তুত পূর্বক ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক বিতরণ কার্যক্রম সম্পাদন করবেন। মানবিক সহায়তা বাস্তবায়ন কর্মসূচি নির্দেশিকা ২০১২-২০১৩ অনুযায়ী এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথ অনুসরণপূর্বক বিতরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৩। জেলা প্রশাসকগণ জুলাই মাসের বরাদ্দকৃত অর্থ ৩০ জুন'২০১৭ এর মধ্যে উত্তোলন করে জুলাই/২০১৭ মাসের প্রথম সপ্তাহে বিতরণ করবেন।

৪। মঞ্জুরীকৃত অর্থ ২০১৬-২০১৭ অর্থ বছরের সচিবালয়ের আওতাধীন '৩-৪৯০১-০০০৩-৫৯৬৫-বিশেষ অনুদান খাত হতে নির্বাহ করা হবে।

৫। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে।

৬। জেলা প্রশাসক তাঁর জেলার জন্য প্রাপ্ত বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে Upload করাসহ উপজেলার অনুকূলে জারীকৃত উপ-বরাদ্দ পত্রও তাঁর ওয়েবসাইটে Upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দ পত্র Upload করতে হবে।

৭। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৮/৫/১৭


(মোঃ ইফতেখারুল ইসলাম)
পরিচালক (ত্রাণ)
ফোনঃ ৯৮৬০৩৮৬।
E-mail: islameftekharul@yahoo.com


জেলা প্রশাসক,
সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/কিশোগঞ্জ/নেত্রকোনা।

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-১৬৪ তারিখঃ ১৮/০৫/২০১৭ খ্রিঃ।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, সিলেট/ঢাকা বিভাগ।

৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। তাঁকে সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারীর জন্য অনুরোধ করা হলো ।

৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/কিশোগঞ্জ/নেত্রকোনা-কে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে অনুরোধ করা হ'ল।

৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/কিশোগঞ্জ/নেত্রকোনা।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(মোঃ হাম্মাদুল বারী)
উপ-পরিচালক (ত্রাণ-১)

D:\Relief-1\R\জিআরক্যাশ.doc